গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
জরুরি সাড়াদান কেন্দ্র (ইওসি)
www.ddm.gov.bd

৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯১

তারিখ: ২ আষাঢ় ১৪২৮

১৬ জুন ২০২১

বিষয়: **দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন।** 

# দুর্যোগ সংক্রান্ত দৈনিক প্রতিবেদন

তারিখঃ ১৬.০৬.২০২১খ্রিঃ, সময়ঃ দুপুর ২.০০টা

### আবহাওয়ার সতর্ক বার্তা

উত্তর পশ্চিম বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন উপকূলীয় এলাকায় অবস্থানরত লঘুচাপটি বর্তমানে বিহার এবং তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। এর প্রভাবে উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় বায়ুচাপের তারতম্যের আধিক্য বিরাজ করছে ও গভীর সঞ্চারণশীল মেঘমালা সৃষ্টি হচ্ছে। সমুদ্র বন্দরসমূহ, উত্তর বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন বাংলাদেশের উপকূলীয় এলাকার উপর দিয়ে কড়ো হাওয়া বয়ে যেতে পারে।

# চট্টগ্রাম,কক্সবাজার,মংলা ও পায়রা সমুদ্র বন্দরসমূহকে তিন নম্বর (পুনঃ) তিন নম্বর স্থানীয় সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

উত্তর বঙ্গোপসাগরে অবস্থানরত মাছ ধরার নৌকা ও ট্রলারসমূহকে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত উপকূলের কাছাকাছি থেকে সাবধানে চলাচল করতে বলা হয়েছে।

# ১৬ জুন ২০২১ খ্রিঃ তারিখ সন্ধ্যা ৬ টা পর্যন্ত দেশের অভ্যন্তরীণ নদী বন্দরসমূহের জন্য আবহাওয়ার পূর্বাভাস:

রংপুর, রাজশাহী, পাবনা, বগুড়া, ময়মনসিংহ, সিলেট, টাজাইল, ফরিদপুর, ঢাকা, মাদারীপুর, যশোর, কুষ্টিয়া, খুলনা, বরিশাল, পটুয়াখালি, নোয়াখালি, কুমিল্লা, চট্টগ্রাম এবং কক্সবাজার অঞ্চলসমূহের উপর দিয়ে দক্ষিণ/দক্ষিণ-পূর্ব দিক থেকে ঘন্টায় ৪৫-৬০ কি.মি. বেগে অস্থায়ীভাবে দমকা/ঝড়ো হাওয়াসহ বৃষ্টি/বজ্রবৃষ্টি হতে পারে। এসব এলাকার নদীবন্দর সমূহকে ১ নম্বর নৌ সতর্ক সংকেত (পুনঃ) ১ নম্বর নৌ সতর্ক সংকেত দেখাতে বলা হয়েছে।

#### ভারী বর্ষণের সতর্কবাণী

সক্রিয় মৌসুমী বায়ুর প্রভাবে আজ (১৬ই জুন, ২০২১ইং) সকাল ৮:০০ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার মধ্যে খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের কোথাও কোথাও ভারী (৪৪-৮৮ মি.মি.) থেকে অতিভারী (≥ ৮৯ মি.মি.) বর্ষণ হতে পারে।

# ১৬ জুন ২০২১ খ্রিঃ তারিখ সকাল ০৯ টা থেকে পরবর্তী ২৪ ঘন্টার আবহাওয়ার পূর্বাভাসঃ

সিনপটিক অবস্থাঃ বিহার ও তৎসংলগ্ন এলাকায় লঘুচাপটি বিরাজ করছে। মৌসুমী বায়ুর অক্ষের বর্ধিতাংশ উত্তর প্রদেশ, লঘুচাপের কেন্দ্রস্থল, পশ্চিমবঙ্গা ও বাংলাদেশের মধ্যাঞ্চল হয়ে আসাম পর্যন্ত বিস্তৃত রয়েছে। এর একটি বর্ধিতাংশ উত্তর বঙ্গোপসাগরে অবস্থান করছে। মৌসুমী বায়ু বাংলাদেশের উপর সক্রিয় এবং উত্তর বঙ্গোপসাগরে মাঝারী থেকে প্রবল অবস্থায়

3

#### রয়েছে।

পূর্বাভাসঃ রাজশাহী, ঢাকা, খুলনা, বরিশাল ও চট্টগ্রাম বিভাগের অধিকাংশ জায়গায় এবং রংপুর, ময়মনসিংহ ও সিলেট বিভাগের অনেক জায়গায় অস্থায়ীভাবে দমকা হাওয়াসহ হালকা থেকে মাঝারী ধরনের বৃষ্টি/বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সাথে দেশের দক্ষিণাঞ্চলের কোথাও কোথাও মাঝারী ধরনের ভারী থেকে অতি ভারী বর্ষণ হতে পারে।

তাপমাত্রাঃ সারাদেশে দিন এবং রাতের তাপমাত্রা প্রায় অপরিবর্তিত থাকতে পারে।

পরবর্তী ৭২ ঘন্টার আবহাওয়ার অবস্থা (২ দিন): বৃষ্টিপাতের প্রবনতা অব্যাহত থাকতে পারে।

### গতকালের সর্বোচ্চ ও আজকের সর্বনিম্ন তাপমাত্রা (ডিগ্রী সেলসিয়াস):

| বিভাগের নাম        | ঢাকা | ময়মনসিংহ | চট্টগ্রাম | সিলেট       | রাজশাহী | রংপুর | খুলনা | বরিশাল |
|--------------------|------|-----------|-----------|-------------|---------|-------|-------|--------|
| সর্বোচ্চ তাপমাত্রা | D.DC | ৩৩.৫      | ৩৩.৫      | <u>৩৬.০</u> | ৩৪.২    | ৩8.১  | ৩২.০  | ৩০.৯   |
| সর্বনিয় তাপমাত্রা | ২৫.২ | ২৬.২      | <u> </u>  | ২৫.৫        | ২৫.৫    | ২৫.০  | ২৫.১  | રે8.৮  |

গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল সিলেট ৩৬.০° সেঃ এবং আজকের সর্বনিম্ন তাপমাত্রা ফেনী ২২.৫° সেঃ। (সূত্রঃ বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর, ঢাকা।)

### এক নজরে নদ-নদীর পরিস্থিতি

- ব্রহ্মপুত্র-যমুনা নদ-নদীর পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পার।
- গঙ্গা-পদ্মা নদীর পানি সমতল স্থিতিশীল আছে যা আগামী ৪৮ ঘণ্টা পর্যন্ত অব্যাহত থাকতে পারে।
- দেশের উত্তর-পূর্বাঞ্চলের আপার মেঘনা অববাহিকার প্রধান নদ-নদীসমূহের পানি সমতল হ্রাস পাচ্ছে যা আগামী ২৪
  ঘণ্টায় স্থিতিশীল থাকতে পারে।
- বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর ও ভারত আবহাওয়া অধিদপ্তরের গাণিতিক মডেলের তথ্য অনুযায়ী, আগামী ৭২ ঘণ্টায়
  দেশের উত্তর-পূর্বাঞ্চল, পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলীয় কক্সবাজার ও বান্দরবন জেলাসমূহ এবং তৎসংলগ্ন অঞ্চলে মাঝারি
  থেকে ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস আছে। এর ফলে এই সময়ে এ অঞ্চলের নদীসমূহের পানি সমতল সময় বিশেষে দুত বৃদ্ধি
  পেতে পারে এবং কোথাও কোথাও আকস্মিক বন্যা সংঘটিত হতে পারে।

# বিপদসীমার উপর দিয়ে প্রবাহিত স্টেশন ০২ আষাঢ় ১৪২৮ বঙ্গাব্দ/১৬ জুন ২০২১ খ্রিঃ সকাল ৯.০০ টার তথ্য অনুযায়ী):

| পানি সমতল | নদীর | আজকের পানি সমতল | বিগত ২৪ ঘন্টায়    | বিপদসীমা | বিপদসীমার উপরে |
|-----------|------|-----------------|--------------------|----------|----------------|
| স্টেশন    | নাম  | (মিটার)         | বৃদ্ধি(+)/হ্রাস(-) | (মিটার)  | (সে.মি.)       |
|           |      |                 | (সে.মি.)           |          |                |
| -         | -    | -               | -                  | -        | -              |

### <u>বৃষ্টিপাতের তথ্যঃ</u>

গত ২৪ ঘন্টায় বাংলাদেশে উল্লেখযোগ্য বৃষ্টিপাত (গত কাল সকাল ০৯:০০ টা থেকে আজ সকাল ০৯:০০ টা পর্যন্ত) :

| স্টেশন    | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন     | বৃষ্টিপাত (মি.মি.) |
|-----------|--------------------|------------|--------------------|
| সাতক্ষীরা | ৯০.০               | বরগুনা     | ৬৩.০               |
| কক্সবাজার | ৭৫.০               | পটুয়াখালি | ¢8.0               |

গত ২৪ ঘণ্টায় দেশের উজানে ভারতে উল্লেখযোগ্য বৃষ্টিপাতের পরিমাণ:

| স্টেশন            | বৃষ্টিপাত (মি.মি.) | স্টেশন | বৃষ্টিপাত (মি.মি.) |
|-------------------|--------------------|--------|--------------------|
| <b>मार्জि</b> लिः | 8৫.0               | চেরাপু | 8৩.০               |
|                   |                    | ঞ্জি   |                    |
| গ্যাংটক           | ৩২.০               |        |                    |

ন্দ-ন্দীর অবস্থা (আজ সকাল ০৯:০০ টা প্র্যন্ত):

| পর্যবেক্ষণাধীন পানি সমতল স্টেশন | 202 | গেজ স্টেশন বন্ধ আছে    | 0                               |
|---------------------------------|-----|------------------------|---------------------------------|
| বৃদ্ধি                          | 8&  | গেজ পাঠ পাওয়া যায়নি  | ডাটা সংগ্রহ শুরু হয় নি (০১ টি) |
| হ্রাস                           | ৫২  | মোট তথ্য পাওয়া যায়নি | 0                               |
| অপরিবর্তিত                      | 00  | বিপদসীমার উপরে         | 0                               |

#### অগ্নিকান্ডের তথ্যঃ

ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের নিয়ন্ত্রণ কক্ষের তথ্য (মোবাইল এসএমএস) থেকে জানা যায়, ১৪ জুন, ২০২১খ্রিঃ তারিখ রাত ১২.০০টা থেকে ১৫ জুন, ২০২১ খ্রিঃ তারিখ রাত ১২.০০টা পর্যন্ত সারাদেশে মোট ১৩ টি অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। বিভাগভিত্তিক অগ্নিকান্ডে নিহত ও আহতের সংখ্যা নিম্নে দেওয়া হলঃ

| ক্রঃ নং    | বিভাগের নাম | অগ্নিকান্ডের সংখ্যা | আহতের সংখ্যা | নিহতের সংখ্যা |
|------------|-------------|---------------------|--------------|---------------|
| 21         | ঢাকা        | بي                  | 0            | 0             |
| ঽ।         | ময়মনসিংহ   | 0                   | 0            | 0             |
| ৩।         | বরিশাল      | 0                   | 0            | 0             |
| 81         | সিলেট       | ٥                   | 0            | 0             |
| <b>(</b> ) | রাজশাহী     | 0                   | 0            | 0             |
| ঙা         | রংপুর       | N                   | 0            | 0             |
| 91         | চট্টগ্রাম   | 0                   | 0            | 0             |
| ৮।         | খুলনা       | ٥                   | 0            | 0             |
|            |             |                     |              |               |
|            | মোট         | ১৩                  | 0            | 0             |

## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক গৃহীত ত্রাণ কার্যক্রমঃ

- ১। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ১৪/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০২৯.১৯.২১৬ নম্বর স্মারকের মাধ্যমে বরিশাল-২ নির্বাচনী এলাকার ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থদের বাড়ি-ঘর মেরামত/পুনঃনির্মাণের লক্ষ্যে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য ২০০ (দুইশত) বান্ডিল ঢেউটিন এবং গৃহমঞ্জুররি বাবদ (৩০০০x২০০)= ৬,০০,০০০/- (ছয় লক্ষ) টাকা জেলা প্রশাসক, বরিশাল (বরিশাল-২ নির্বাচনী এলাকা উজিরপুর ও বানারীপাড়া উপজেলা এর অনুকূলে বরাদ্ব প্রদান করা হয়েছে।
- ২। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৯/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২১০ নম্বর স্মারকের মাধ্যমে পাহাড় ধ্বসসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪টি জেলার মোট ৪৫৭০টি ইউনিয়নের প্রতিটির অনুকূলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হারে মোট ৪৫,৭০,০০,০০০/- (পঁয়তাল্লিশ কোটি সত্তর লক্ষ) টাকা মানবিক সহায়তাপ্রদান করা হয়েছে।
- ৩। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৯/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২১১ নম্বর স্মারকের মাধ্যমে পাহাড় ধ্বসসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ দরিদ্র ও দুঃস্থ পরিবারের সাহায্যার্থে দেশের ৬৪টি জেলার মোট ৩২৯টি পৌরসভার প্রতিটির অনুকূলে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা হারে মোট ৩,২৯,০০,০০০/- (তিন কোটি উনব্রিশ লক্ষ) টাকা মানবিক সহায়তাপ্রদান করা হয়েছে।

৪। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৯/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২০২ নম্বর স্মারকের মাধ্যমে পাহাড় ধ্বসসহ বিভিন্ন প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থদের মাঝে মানবিক সহায়তা হিসেবে বিতরণের লক্ষ্যে ১০,০০,০০০/- (দশ লক্ষ্য) টাকা জেলা প্রশাসক, চট্টগ্রাম এর অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

| ক্রঃ নং | জেলার নাম | নগদ অর্থ বরাদ্দের পরিমান (টাকা) |
|---------|-----------|---------------------------------|
| 21      | চট্টগ্রাম | ১০,০০,০০০/- (দশ লক্ষ) টাকা      |

৫। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ০৭/০৬/২০২১ তারিখের ৫১.০০.০০০০.৪২১.১৪.০৩৭.২০.২০৩ নম্বর স্মারকের মাধ্যমে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের আওতাধীন মহাখালীস্থ ৭তলা বস্তিতে অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থদের সাহায্যার্থে মানবিক সহায়তা হিসেবে বিতরণের জন্য ৯০০ (নয়শত) প্যাকেট শুকনা ও অন্যান্য খাবার জেলা প্রশাসক, ঢাকা এর অনুকূলে বরাদ্দ দেওয়া হয়েছে।

১৬-৬-২০২১

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

ফোন: ৮৮০-৫৮৮১১৬৫১

ফ্যাক্স: ৮৮০-২-৯৮৯১৯২৬

ইমেইল:

controlroom.ddm@gmail.com

স্মারক নম্বর: ৫১.০১.০০০০.০২৭.১৫.০০১.১৮.১৯১/১(১৭১)

<sub>বাবিখ</sub>় ২ আষাঢ় ১৪২৮

১৬ জুন ২০২:

সদ্য অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১) মল্রিপরিষদ সচিব, মল্রিপরিষদ বিভাগ
- ২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
- ৩) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়

ভারপ্রাপ্ত কর্মকর্তা-১

এনডিআরসিসি অনুবিভাগ

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

- 8) সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৫) সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ
- ৬) মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৭) বিভাগীয় কমিশনার (সকল)
- ৮) পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ৯) জেলা প্রশাসক (সকল)
- ১০) প্রতিমন্ত্রীর একান্ত সচিব, মাননীয় প্রতিমন্ত্রী মহোদয়ের দপ্তর, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ১১) উপ-পরিচালক (সকল), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
- ১২) জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা (সকল)
- ১৩) সহকারী পরিচালক , যানবাহন শাখা, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর

36-6-2023

কামরুন নাহার

ভারপ্রাপ্ত কর্মকর্তা

¢